মেহেরপুরে সেনা অভিযানে মাদক ও এয়ারগানসহ আটক ১

সেনাবাহিনীর অভিযানে একটি চাইনিজ একে ৪৭ ইয়ারগান, ইয়াবা, গাঁজা মিশ্রণের মেশিন ও চাকু সহ ইমরান হেলালি প্রিন্স (৩৬) নামের একজনকে মেহেরপুর শহর থেকে আটক করা হয়েছে।

রবিবার (২৬ জানুয়ারি) রাত পৌনে ৩ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত মেহেরপুর শহরের বড় বাজারে সেনাবাহিনী এই অভিযান পরিচালনা করে। আটককৃত ইমরান হেলালি প্রিন্স মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের সাবেক কমিশনার নকিব হেলালি মুকুলের ছেলে।

সূত্র জানায়, গোপন খবরের ভিত্তিতে রবিবার মধ্যরাতে বাংলাদেশ সেনাবাহিনীর ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সোহরাব হোসেনের নেতৃত্বে সেনাবাহিনীর একটি দল শহরের বড় বাজারে ইমরান হেলালি প্রিন্সের বাড়িেতে অভিযান চালায়। এসময় সেখান থেকে একটি চায়না Ak-47 এয়ারগান, ৩৭ পিস ইয়াবা, ১ টি গাঁজা মিক্সড রিফ্লিন্ডার মেশিন, ২ টি স্মার্টফোন ও ৩ টি দেশীয় ছুরি সহ প্রিন্সকে আটক করে। উদ্ধারকৃত অস্ত্র ও আটককৃতে মেহেরপুর সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করে আইনী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুর থানার ওসি মেজবাহ উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আটককৃত প্রিন্সের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। এয়ারগানের ক্ষেত্রে আমরা সাধারণত একটি জিডি করে অস্ত্রটি জব্দ করি। উদ্ধারকৃত অস্ত্রটি যেহেতু চায়না একে ৪৭ মডেলের একটি এয়ারগান, এ ক্ষেত্রে আমরা এক্সপার্টদের সাথে আলোচনা করে মামলার বিষয়ে সিদ্ধান্ত নেব।

গাংনীতে পুলিশের পৃথক অভিযানে গ্রেফতার ৩

গাংনী থানা পুলিশের পৃথক তিনটি অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত পলাতক দুই আসামি ও হেরোইনসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের আব্দুল জলিলের ছেলে সিআর ৪০/২৪ নং মামলার পলাতক আসামি কামরুল ইসলাম (৩০), গাংনী উপজেলা শহরের ঈদগাহ পাড়া এলাকার মো: বিল্লাল হোসেনের ছেলে জিআর ২৬৩/২৪ নং মামলার আসামী মোঃ সুমন (৩২)।

এছাড়া পুলিশের অপর একটি অভিযানে ৪ গ্রাম হেরোইনসহ মোঃ এমদাদুল হক (৪২) কে আটক করা হয়েছে। আটক এমদাদুল হক গাংনী পৌর শহরের উত্তরপাড়া এলাকার মৃত নুরুল ইসলামের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। আজ শনিবার (২৫ জানুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত পুলিশের পৃথক তিনটি টিম এই অভিযান পরিচালনা করেন।

আজ দুপুরের দিকে সীমান্তবর্তী রামকৃষ্ণপুর ধলা গ্রামের পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে হেরোইনসহ আটক করা হয়।হেরোইনের আনুমানিক মূল্য ৩২ হাজার টাকা।

মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (১) সারনীর ৮(ক) ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। যার মামলা নং-১৭, তারিখ-২৪/০১/২০২৫।

আসামীদেরকে বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনা রোধে যৌথ বাহিনীর অভিযান

সাম্প্রতিক সময়ে মেহেরপুরে সড়ক দুর্ঘটনা আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ার কারণে সচেতনতা মূলক অভিযান পরিচালনা করছে যৌথ ভাবে বাংলাদেশ সেনাবাহিনী ও মেহেরপুর ট্রাফিক পুলিশ।

আজ শুক্রবার বিকালে মেহেরপুর কলেজ মোড়ে এলাকায় অভিযান চালানো হয়। ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন ও বাংলাদেশ সেনাবাহিনীর ২৭ ফিল আর্টিলারি রেজিমেন্টের ওয়ারেন্ট অফিসার জিয়াউর রহমানের নেতৃত্বে অভিযানে হেলমেট বিহীন মোটরসাইকেল চালকদের সতর্ক করা হয়।

অভিযানে মোটর সাইকেলের বৈধ কাগজপত্র না থাকাই ১২ টি মামলা এবং ৪ টি মোটরসাইকেল জব্দ করা হয়। অভিযানে অন্যদের মধ্যে ট্রাফিক সার্জেন্ট মেহেদী, রবিউল ইসলাম, দ্বীন ইসলাম, মোজাফফর, প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে পুলিশের অভিযানে সাজাপ্রাপ্তসহ ৩ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার বিশেষ অভিযানে এক বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামিসহ বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত তিন আসামিকে গ্রেফতার করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইলের নেতৃত্বে পুলিশের পৃথক তিনটি টিম বুধবার দিবাগত রাত থেকে আজ বৃহস্পতিবার (২৩ জানুয়ারি) দুপুর পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।
গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার ভরাট গ্রামের রুহুল আমীনের ছেলে জিআর ২৪১/১৬ নম্বর মামলায় এক বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মোহাম্মদ সেলিম(৪০), একই উপজেলার কসবা গ্রামের মৃত আব্দুল হামিদের ছেলে আদালতের পরোয়ানাভূক্ত সিআর ৯৫৫ /২৪ মামলার আসামি মোহাম্মদ মতিন আলী (৫৫) ও পলাশীপাড়া গ্রামের মোঃ সাদেক আলীর ছেলে আদালতের পরোয়ানাভূক্ত জিআর ৮৭/২৪ মামলার আসামি মোহাম্মদ টুটুল হোসেন (৩২)।
ওসি বানী ইসরাইল বলেন, সাজাপ্রাপ্তসহ তিনজন আসামিই আদালতের পরোয়ানাভূক্ত। বিজ্ঞ আদালতের নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়েছে।
গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (২৩ জানুয়ারি) বিকালে আদালতে নিলে বিজ্ঞ আদালতে তাদের জামিন না দিয়ে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন।

ঝিনাইদহে পরিছন্নতা অভিযান ও গ্রীন স্কুল ক্যাম্পেইন

“এসো দেশ বদলায়, পৃথিবী বদলাই” এ শ্লোগানে ঝিনাইদহ সদর উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে প্রাণবন্ত তারুণ্যের উৎসব পরিছন্নতা অভিযান ও গ্রীন স্কুল ক্যাম্পেইন।

বৃহস্পতিবার সকালে এ উৎসবে উপজেলার বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তা-কর্মচারী, রেড ক্রিসেন্ট সোসাইটি, স্কাউটস ও শহরের একাধিক স্কুলের ছাত্র- ছাত্রী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে বেলুন উড়িয়ে শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ সাইফুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, সদর

উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী, উপজেরা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার মিথিলা ইসলাম, বৈষম্য বিরোধী আন্দোলনের যুগ্ম আহবায়ক মনির হোসেন, শিক্ষক প্রতিনিধি মাওলানা তরিকুল ইসলাম, ঝিনাইদহ পৌরসভার সহকারী প্রকৌশলী মুন্সি মোঃ আবু জাফর প্রমুখ।

অনুষ্ঠানে এক সংক্ষিপ্ত বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল বলেন, পরিস্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। নিজের চারপাশ নিজেদের দ্বায়িত্বে যদি পরিস্কার রাখা যায় তাহলে নিজেরদের আঙ্গিনা, শহর, বাজার কখনোই অপরিস্কার হবে না। তাই সবার আগে নিজের আঙ্গিনাকে পরিস্কার রাখতে সকলে প্রতি আহবান জানান। অনুষ্ঠান শেষে শহরের বিভিন্ন সড়কে পরিছন্নতা অভিযান ও বর্ণাঢ্য র্যালি বের হয়। পরে র্যালিটি ঝিনাইদহ সরকারি বালক বিদ্যালয় গিয়ে শেষ হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৫

মেহেরপুরে ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৫ জন আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার সকাল থেকে আজ শনিবার (৪ জানুয়ারি) ভোররাত পর্যন্ত মেহেরপুর সদর গাংনী ও গাংনী থানা পুলিশ তাদের গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশ একটি হত্যা মামলার ৩ আসামি ও সদর থানা পুলিশের পৃথক অভিযানে মাদক মামলায় ১ জন ও পুরাতন মামলার ১ আসামিকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ও সদর থানারর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এই তথ্য নিশ্চিত করেন। আজ শনিবার বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতে নেওয়া হবে বলে জানান এই সূত্রটি।

দর্শনা থানা পুলিশের অভিযানে হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানা এলাকায় হারিয়ে যাওয়া অপ্পো ব্যান্ডের মোবাইল হারানোর বিষয়ে ভুক্তভোগী মোবাইল মালিক একটি জিডি করেন।

তারই প্রেক্ষিতে আজ শনিবার (২১ ডিসেম্বর) সন্ধার পর উদ্ধার হওয়া মোবাইল ফোনটি মূল মালিকের কাছে হস্তান্তর করা হয়। পুলিশ জানান, গত ১২ তারিখে ভুক্তভোগী মোবাইল ফোন মালিক জসিম উদ্দিন তার অপ্পো ব্যান্ডের একটি মোবাইল ফোন হারিয়ে যায়। এ বিষয়ে ভুক্তভোগী দর্শনা থানায় একটি জিডি করা হয়।

এই জিডি প্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম-সেবা এর সার্বিক দিকনির্দেশনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ মুহম্মদ শহীদ তিতুমীর এর নেতৃত্বে আইটি বিষয়ে অভিজ্ঞ এস আই শেখ জসিম উদ্দিন তদন্ত পূর্বক হারিয়ে যাওয়া মোবাইল ফোনটি উদ্ধার করে প্রকৃত মালিক জীবননগর উপজেলার উথলী গ্রামের মোঃ বদর উদ্দীনের ছেলে মোঃ জসিম উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

কুষ্টিয়ায় সাড়ে ৬ কোটি টাকার এলএসডি মাদক উদ্ধার

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ স্টেশনে দাঁড়িয়ে থাকা ঢাকাগামী বেনাপোল এক্সপ্রেস ট্রেনে অভিযান চালিয়ে সাড়ে ছয় কোটি টাকার মাদকদ্রব্য উদ্ধার করেছে বিজিবি।

গতকাল রোববার (১৫ ডিসেম্বর) বিকেলে পোড়াদহ স্টেশনে এই মালিকবিহিন মাদকদ্রব্য উদ্ধার করা হয়।

আটক মাদকদ্রব্যের মধ্যে রয়েছে ১২ বোতল এলএসডি ও ০.৫৩০ কেজি হিরোইন, যার বাজার মূল্য ছয় কোটি ৩৪ লাখ ৬০ হাজার টাকা বলে জানা গেছে।

বিজিবি ৪৭ ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল মাহাবুব মুর্শেদ রহমান পিএসসি জানান, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রোববার বিকেল সাড়ে ৪টায় পোড়াদহ স্টেশনে দাঁড়িয়ে থাকা ঢাকাগামী বেনাপোল এক্সপ্রেস ট্রেনে মাদক ও চোরচালান বিরোধী অভিযান চালিয়ে মালিকবিহীন এই মাদকদ্রব্য উদ্ধার করা হয়।

এ ব্যাপারে পোড়াদহ জিআরপি থানায় একটি মামলা করা হয়েছে।

কুষ্টিয়ার দৌলতপুরে বিদেশি পিস্তল, গুলি ও ম্যাগজিনসহ ৩ জন আটক

কুষ্টিয়ার দৌলতপুরে পুলিশের অভিযানে বিদেশি পিস্তল, গুলি ও ম্যাগজিনসহ ৩ জন আটক হয়েছে।

গতকাল শনিবার রাতে দৌলতপুর উপজেলার হোগলবাড়ীয়া ইউনিয়নের জয়রামপুর এলাকায় চেক পোষ্ট বসিয়ে অস্ত্র ও গুলিসহ তাদের আটক করা হয়।।

আটককৃতরা হলো কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানার দুর্বাচরা এলাকার আব্দুল হাকিম ওরফে আকমলের ছেলে মো. আশিকুজ্জামান (৩২), একই এলাকার মো. শহিদুল ইসলামের ছেলে মো. আবু জাফর (৩২) ও রবিউল সরদারের ছেলে মো. রাসেল হোসেন (২৫)।

দৌলতপুর থানা পুলিশ সূত্র জানায়, কুষ্টিয়া-প্রাগপুর সড়কের জয়রামপুর এলাকায় পুলিশের অস্থায়ী চেক পোষ্টে তল্লাশী অভিযান

চলাকালে একটি সিএনজি থামিয়ে তাতে তল্লাশী চালানো হয়। এসময় সিএনজিতে থাকা যাত্রী বেশে মো. আশিকুজ্জামান,নমো. আবু জাফর ও মো. রাসেল হোসেনকে ১টি বিদেশি পিস্তল, ৬ রাউন্ড গুলি ও ১টি ম্যাগজিনসহ আটক করে পুলিশ।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) মো. নাজমুল হুদা বলেন, প্রতিদিনের ন্যায় পুলিশি চেক পোষ্টে একটি সিএনজিতে ৩জন যাত্রীবেশে অস্ত্র পাচারকালে পুলিশের সন্দেহ হলে তাতে তল্লাশি চালানো হয়। এসময় তাদের কাছে থেকে অস্ত্র, গুলি ও ম্যাগজিন উদ্ধার করা হয়। এ ঘটনায় থানায় অস্ত্র আইনে মামলা হয়েছে।

মুজিবনগরে সার ও কীটনাশকের দোকানে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

মেহেরপুরের মুজিবনগরে সার ও কীটনাশকের দোকানে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে ১ ব্যবসায়ীর কাছ থেকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ রবিবার (৮ ডিসেম্বর) সন্ধ্যা ছয়টার সময় মুজিবনগর উপজেলার পুরন্দরপুর বাজারে বিএডিসি বীজ ও সার ডিলার অলিলুর রহমানের মেসার্স অলিল এন্ড ব্রাদার্স এর গোডাউনে ভ্রাম্যমাণ আদালতের মোবাইল কোর্ট পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম জানান, বিএডিসি বীজ ও সার ডিলার অলিলুর রহমান অনুমোদিত লাইসেন্স, ট্রেড লাইসেন্স দেখাতে না পারায় এবং বিভিন্ন অনিয়ম পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিভিন্ন ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

তিনি আরও জানান, এ উপজেলার জন্য বরাদ্দকৃত সার অন্য জেলা বা

উপজেলায় বিক্রয় না করতে, সারের মূল্য তালিকা টানাতে, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে সার, বীজ বা কীটনাশক বিক্রয় না করতে, মেয়াদোত্তীর্ণ সার বা কীটনাশক বিক্রয় না করতে এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য নিয়ম নীতি অনুসরণ করতে কঠোরভাবে সতর্ক করা হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, ছাত্র সমন্বয়ক শাওন শেখ ও তামিমুর রহমান তুষার।

এছাড়াও মুজিবনগর থানার এস আই আশরাফুল এর নেতৃত্বে পুলিশের একটি টিম ও কৃষি অফিসের অন্যন্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ নির্বাহী ম্যাজিস্ট্রেটকে সহযোগিতা করেন।